

পুলিশ লাইস স্কুল এন্ড কলেজ, রংপুর  
অনলাইন চূড়ান্ত অ্যাসাইনমেন্ট-২০২১  
শ্রেণিঃ দ্বাদশ  
বিষয়ঃ যুক্তিবিদ্যা  
পূর্ণমানঃ ৫০

১।

চিত্রঃ১	চিত্রঃ২
যদি সে আসে, তাহলে আমি যাব।	A,E,I,O

ক) পদের ব্যাপ্যতা কি?

খ) পদ ও শব্দ এক নয় কেন? - ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের চিত্র-১ কোন ধরনের যুক্তিবাক্য? - ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের চিত্র-২ এ যুক্তিবাক্যগুলোর পদেও ব্যাপ্যতা উল্লেখ করে ব্যাখ্যা কর।

২।

যুক্তি-১

যুক্তি-২

সকল মানুষ হয় মরণশীল।

সকল ফুল হয় সুন্দর।

∴ কোন মানুষ নয় অমরণশীল।

∴ সকল সুন্দর বস্তু হয় ফুল।

ক) আবর্তনের সংজ্ঞা দাও।

খ) 'O' - যুক্তিবাক্যের আবর্তন সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর।

গ) যুক্তি-১ কোন ধরনের অ-মাধ্যম অনুমানকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর।

ঘ) যুক্তি-২ কী বৈধ না অবৈধ? তোমার স্বপক্ষে যুক্তি দেখাও।

৩। দৃশ্যকল্প-১ঃ "গাছ হল উদ্ভিদ।"

দৃশ্যকল্প-২ঃ "সিংহ হলো পশুর রাজা।"

দৃশ্যকল্প-৩ঃ "বিড়াল নয় বাঘ।"

(ক) যৌক্তিক সংজ্ঞা কী?

(খ) বাহুল্য সংজ্ঞা অনুপপত্তি কখন ঘটে? ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকের দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।

(ঘ) দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এর মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর।

৪।

দৃশ্যকল্পঃ১	দৃশ্যকল্পঃ২	দৃশ্যকল্পঃ৩
জনি হয় মরণশীল রনি হয় মরণশীল টম হয় মরণশীল সানি হয় মরণশীল ∴ সকল মানুষ হয় মরণশীল	আমি এ পর্যন্ত যত বক দেখেছি সবই সাদা। সুতরাং, সকল বক হয় সাদা।	'ক' এবং 'খ' এর মধ্যে x,y,z প্রভৃতি বিষয়ে সাদৃশ্য আছে। ক-এর মধ্যে p গুণটি আছে ∴ খ-এর মধ্যেও p গুণটি আছে


ক) আরোহ কি?

খ) 'আরোহমূলক লক্ষ্য হল আরোহের প্রাণ' - ব্যাখ্যা কর।

গ) দৃশ্যকল্পঃ৩ দ্বারা কোন ধরনের আরোহকে নির্দেশ করে? - ব্যাখ্যা কর।

ঘ) দৃশ্যকল্পঃ১ এবং দৃশ্যকল্পঃ২ এর মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর।

৫। কোকিলের ডাক



(ক) নিরীক্ষণ কাকে বলে?

(খ) কারণ ও শর্ত এক নয় কেন? ব্যাখ্যা কর।

(গ) চিত্রে পাঠ্যবইয়ের কোন বিষয়টিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর।

(ঘ) উদ্দীপকের ইঙ্গিতকৃত বিষয়টিকে কি তুমি গ্রহণযোগ্য মনে কর? মতামত দাও।